



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১১.২০১৯/৭৫২

তারিখ: ০৮/১০/২০২০খ্রি.

বিষয়ঃ কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলাধীন সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ-এর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১. জেলা শিক্ষা অফিসের স্মারক নং-৩৭.০২.১৯০০.০০০.২০.১৫১.১৯.৯৯৩, তারিখ: ১৩/১০/২০১৯  
২. জুলাই/২০২০ মাসের এমপিও সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলাধীন সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মোহাম্মদ মোজাম্মেল হক চৌধুরী (ইনডেক্স-৪১২৩৬৬)-এর এমপিওভুক্তির বিষয়ে জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা-এর ১.নং সূত্র মোতাবেক প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করেন। সেই প্রেক্ষিতে বর্ণিত প্রতিষ্ঠানে অধ্যক্ষের এমপিওভুক্তির বিষয়টি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের জুলাই/২০২০ মাসের এমপিও সভায় ১৬/০৭/২০২০ তারিখের পত্রের আলোকে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।

ইএমআইএস সেলের মতামতঃ “অধ্যক্ষ জনাব মোজাম্মেল হক চৌধুরী পূর্বে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে এমপিওভুক্ত ছিলেন। মাউশি অধিদপ্তরের এমপিও ডাটাবেজ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজ ভিন্ন হওয়ায় এবং দুই ডেটাবেজের মধ্যে কোন তথ্য শেয়ার করার লিংক না থাকায় তাকে পূর্বের ইনডেক্সে এমপিওভুক্ত করা যাচ্ছে না। মাউশি অধিদপ্তরের ১৬/৭/২০২০ তারিখের পত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করে শুধুমাত্র মাদ্রাসা থেকে স্কুল/কলেজে যোগদানকারী শিক্ষক-কর্মচারী অনলাইনে আবেদনের ব্যবস্থা করা হয়েছে। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিধি মোতাবেক স্কুল/কলেজে নিয়োগ প্রাপ্ত হলে তাদেরকে নতুন ইনডেক্স-এ অনলাইনে এমপিওভুক্ত করে পরবর্তীতে ইনডেক্স সংশোধন করে পূর্বের ইনডেক্স বহাল করা যেতে পারে”।

এমতাবস্থায়, সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মোহাম্মদ মোজাম্মেল হক চৌধুরী (ইনডেক্স-৪১২৩৬৬)-এর এমপিওভুক্তির বিষয়ে ইএমআইএস সেলের মতামত অনুযায়ী অনলাইনে নতুন ইনডেক্সে আবেদন করার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*M. A. B. K.* ৪.১০.২০২০

(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোনঃ ৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ  
সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজ  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
- ৪। সভাপতি, পরিচালনা পরিষদ, সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৬। সংরক্ষণ কপি।